# বিএভিএস

প্রশাসকের কার্যালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭/৫/১, মেইন রোড, মিরপুর-২, ঢাকা-১২১৬।
www.bavs.gov.bd

স্মারক নং- বিএভিএস/প্রশাসন/২০২৪-২০২৫/ ১৯

তারিখ: ৩০ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারী ২০২৫ খ্রি:

**বিষয়: কারণ দর্শানোর নোটিশ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আপনি জনাব ডা. এস এম এমদাদ উল্লাহ, ডিস্ট্রিক্ট ম্যানেজার, বিএভিএস চট্টগ্রাম ক্লিনিকে কর্মরত আছেন। আপনার বিরুদ্ধে নিম্নলিখিত অভিযোগসমূহ উত্থাপিত হয়েছে:

১। আপনি জনাব ডা. এস এম এমদাদ উল্লাহ, ডিস্ট্রিক্ট ম্যানেজার, আন্দোলনে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহায়তা, সেবা গ্রহীতাদের সেবা প্রদানে বাধা প্রদান এবং সর্বোপরি গত ০৭/০১/২০২৫ খ্রি: তারিখে মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তার (অতিরিক্ত সচিব, জনাব মোহাম্মদ আবদুস সালাম খান) সাথে অসদাচরণ ও ধৃষ্টতাপূর্ণ আচরণ করেছেন। যা সরাসরি সরকারী চাকুরি বিধির সম্পূর্ণ পরিপন্থী,

২। আপনি চাকুরিবিধি লঙ্ঘন করে শাখা কার্যালয়ের সেবা বিঘ্নিত করে শাখায় অবস্থান না করে গত কয়েক মাস ঢাকা অবস্থান করছেন এবং গত ১২-১৩ ফেব্রুয়ারী ২০২৫ খ্রি: তারিখ প্রধান কার্যালয়ের সামনে অবস্থান নিয়ে জনসেবা বিঘ্নিত করছেন। যা সরাসরি সরকারী চাকুরি বিধির সম্পূর্ণ পরিপন্থী,

৩। আপনি আপনার কার্যালয়ে/কর্মস্থলে অবস্থান না করে নিয়মিত প্রধান কার্যালয়ে অবস্থান নিয়ে বিএভিএস কর্মচারীদের অবিবেচনাপ্রসূত ও উদ্দেশ্যমূলকভাবে উত্তেজিত করার নেতৃত্ব দিচ্ছেন। যা সরাসরি সরকারী চাকুরি বিধিমালার সম্পূর্ণ পরিপন্থী,

আপনার এহেন দপ্তর ও জনস্বার্থ বিরোধী কার্যকলাপের জন্য আপনাকে কেন বিএভিএস, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের চাকুরী হতে বরখাস্ত করা হবেনা, তা পত্র প্রাপ্তির পাঁচ (০৫) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

১৩.০২.২৫

মাজহারুল ইসলাম
প্রশাসক (উপসচিব)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়।

ডা. এস এম এমদাদ উল্লাহ
ডিস্ট্রিক্ট ম্যানেজার
বিএভিএস চট্টগ্রাম ক্লিনিক।

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. জনাব মোহাম্মদ আবদুস সালাম খান, অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৩. জনাব মো: মাহবুব আলম, অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ,স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৪. সকল কর্মকর্তা-কর্মচারী, বিএভিএস, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৫. অফিস কপি।

CS CamScanner